

া বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৯৮

পর্ব - ১ঃ পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৭. কাযায়ে হাযাত বা প্রকৃতির ডাকে সাড়া দেয়ার (পায়খানা প্রস্রাবের) বর্ণনা - পেশাব পায়খানা করার সময় নিজেকে আড়াল করা আবশ্যক

আরবী

وَعَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا; أَنَّ النَّبِيَّ _ صلى الله عليه وسلم _ قَالَ: «مَنْ أَتَى الْغَائطَ فَلْيَسْتَترْ». رَوَاهُ أَبُو دَاوُدَ

ضعيف. ووهم الحافظ في نسبته لعائشة رضي الله عنها، وإنما الحديث لأبي هريرة عند أبي داود (35)

বাংলা

৯৮। আয়িশা (রাঃ) থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, 'যে ব্যক্তি পায়খানায় যাবে সে নিজকে যেন পর্দা (আড়াল) করে নেয়'। আবূ দাউদ [1]

English

Narrated 'Aisha (rad):

The Prophet (ﷺ) said: "If anyone goes to relive himself, he should conceal himself". [Reported by Abu Da'ud].

ফুটনোট

[1] যঈফ। শায়খ আলবানী তাঁর সিলসিলা যঈফাহ (১০২৮) গ্রন্তে হাদীসটিকে দুর্বল বলেছেন। ইবনু হাজার আসকালানী তাঁর আত্-তালখীসুল হাবীর (১/১৪৯) গ্রন্তে এ হাদীসের বর্ণনাকারী আবু সা'দ আল-জিবরানী আল-হিমসী ব্যাপারে বিতর্কের কথা বলেছেন। বলা হয়ে থাকে যে তিনি সাহাবী, কিন্তু কথাটি ঠিক নয়। ইমাম শাওকানী



নাইলুল আওত্বার (১/৯৩) গ্রন্থে উক্ত রাবীর বিতর্কিত হওয়ার বিষয়টি উল্লেখ করে তাকে মাজহুল হিসেবে আখ্যায়িত করেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন